ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৬৪০</u>

আগরতলা,১০ মে,২০২৫

**প্রকাশিত সংবাদ সম্পর্কে দপ্তরের বক্তব্য**

গত ৬ মে, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত "ব্লকে নষ্ট হচ্ছে কোটি টাকার রড, নির্বিকার প্রশাসন, বাড়ছে রহস্য" শীর্ষক সংবাদটি গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি গোচর হয়েছে। এই সংবাদ প্রকাশের পরই গ্রামোন্নয়ন দপ্তরের সংশ্লিষ্ট আধিকারিকগণ জম্পুইহিল আর.ডি. ব্লক স্টোর পরিদর্শন এবং ঘটনার পূর্ণাঙ্গ অনুসন্ধান করেন। দেখা যায়, ২০১৯ সালের জুলাই মাসে জম্পুইহিল আর.ডি. ব্লক স্টোরের বিশেষ স্টোর ভেরিফিকেশন অনুষ্ঠিত হয়েছিলো এবং ভেরিফিকেশনের সময় কয়েকটি অসঙ্গতি ধরা পড়ে। এরপর, তৎকালীন স্টোর কিপারের বিরুদ্ধে এফ.আই.আর. দায়ের করা হয় এবং ভাংমুন থানায় একটি মামলা দায়ের (NO.2020VGM006 dt-14/06/2020) করা হয়। পরবর্তীতে উত্তর ত্রিপুরার কাঞ্চনপুরের এস.ডি.পি.ও., সমস্ত স্টক রেজিস্টার, গুদাম (২টি), সামগ্রী এবং সংশ্লিষ্ট নথি জব্দ করেছেন। সংবাদপত্রে উল্লিখিত জম্পুইহিল ব্লক কমপ্লেক্সে থাকা রডগুলি জব্দকৃত করা সামগ্রী। উপরোক্ত মামলা এখনও ভাংমুন থানায় বিচারাধীন। তাই এই সামগ্রীগুলি (রড) আজ পর্যন্ত অব্যবহৃত অবস্থায় রয়েছে।

*****